

আপনার পারিবারিক ভাষা[গুলো] বজায় রাখা

আপনার পারিবারিক ভাষা বজায় রাখা পরবর্তী সকল ভাষা বিকাশের ভিত্তি তৈরি করে। আপনার শিশু সহজে একাধিক ভাষা শিখতে পারে যখন তারা শক্তিশালী ভাষার মডেল দেখার, শোনার এবং যোগাযোগ করার সুযোগ পায়।

ভিক্টোরিয়ানে আর্লি ইয়ার্স পেশাদারগণ *ভিক্টোরিয়ান আর্লি ইয়ার্স লার্নিং অ্যান্ড ডেভেলপমেন্ট ফ্রেমওয়ার্ক (Victorian Early Years Learning and Development Framework)* (VEYLDF) কর্তৃক পরিচালিত হয়। ফ্রেমওয়ার্কটি বহুভাষিকতাকে একটি সম্পদ হিসেবে স্বীকৃতি দেয় এবং এই প্রত্যাশাটি প্রতিষ্ঠিত করে যে শিশুরা তাদের পারিবারিক ভাষা[গুলো] বজায় রাখতে, ইংরেজিকে একটি অতিরিক্ত ভাষা হিসেবে শিখতে এবং আর্লি ইয়ার্স এডুকেশন অ্যান্ড কেয়ার প্রোগ্রামগুলোতে অংশগ্রহণের সময় ইংরেজি ছাড়া অন্য ভাষা শিখতে সহায়তা প্রদান করবে (VEYLDF, 2016)।

আপনার শিশুর পারিবারিক ভাষা[গুলো] বজায় রাখা এবং তার বিকাশ অব্যাহত রাখার অনেক সুবিধা রয়েছে:

- আপনার শিশু আপনার পারিবারিক ভাষা ব্যবহারের মাধ্যমে তাদের জ্ঞান সম্পর্কিত নমনীয়তা এবং বিকাশ বৃদ্ধি করতে পারে।
- আপনার পারিবারিক ভাষা[গুলো] বজায় রাখা পারিবারিক সম্পর্ক, সংযোগ তৈরি করা এবং একাত্মতার অনুভূতির জন্য অপরিহার্য।
- পারিবারিক ভাষা[গুলো] আপনার শিশুর পরিচয়, সংস্কৃতি এবং সুস্থতার সাথে অবিচ্ছেদ্যভাবে যুক্ত।
- আপনার পারিবারিক ভাষায় সাবলীলতা আপনার শিশুকে ইংরেজির মতো অতিরিক্ত ভাষা শিখতে সাহায্য করে।

VEYLDF (2016) শিক্ষকদের ব্যাখ্যা করে যে 'প্রথম বা ঘরোয়া ভাষার অর্জন এবং বজায় রাখার পরিচয় নির্মাণে একটি গুরুত্বপূর্ণ এবং অব্যাহত ভূমিকা রয়েছে' (pg. 18)। তাই, একটি অতিরিক্ত ভাষা হিসেবে ইংরেজির বিকাশে সাহায্য করার ক্ষেত্রে শিক্ষক এবং পরিবারগুলোর জন্য একটি অপরিহার্য উপাদান হলো সহযোগিতামূলক অংশীদারিত্বে নিয়োজিত হওয়া যেন শিশুদের তাদের পারিবারিক ভাষা[গুলো] বজায় রাখা এবং বিকাশ চালিয়ে যেতে উৎসাহ প্রদান এবং সাহায্য করা যায়।

আর্লি চাইল্ডহুড এডুকেশন অ্যান্ড কেয়ার পরিবেশে একটি অতিরিক্ত ভাষা হিসেবে ইংরেজির বিকাশ

আপনার শিশুর জন্য ভিক্টোরিয়ান আর্লি চাইল্ডহুড এডুকেশন অ্যান্ড কেয়ার পরিবেশে ইংরেজি শেখার অনেক সুযোগ থাকবে।

গবেষণায় আমরা জানতে পারি যে 'শিশুরা ভাষার সংস্পর্শ, স্পষ্ট মডেলিং এবং ভাষা শিক্ষা ও নতুন ভাষা অর্জনের উপযুক্ত সময়ের মাধ্যমে একটি অতিরিক্ত ভাষা হিসেবে সফলভাবে ইংরেজি (বা অন্য ভাষা) শিখতে পারে' (VEYLDF, 2016, pg. 22)।

একটি ভাষা জানলে শিশুরা অন্যান্য ভাষা কিভাবে কাজ করে তা বুঝতে সাহায্য পায়। শিশুরা একটি ভাষায় যে দক্ষতা বিকাশ করে তা নতুন ভাষায় নেওয়া যেতে পারে। পারিবারিক ভাষার মাধ্যমেই শিশুরা নতুন ভাষা, এর নিয়ম এবং শব্দভাণ্ডার বুঝতে পারে। যখন আপনার শিশু ইংরেজি ভাষার পরিবেশে নিযুক্ত হয়ে যায়, তখন তারা বিভিন্ন প্রসঙ্গে ইংরেজি শোনার সুযোগ পাবে। তারা অন্যান্য শিশুদের সাথে খেলতে যোগ দিতে চাইবে এবং শিক্ষকগণ আপনার শিশুর ইংরেজি শোনা এবং চর্চা করার জন্য ভালো মডেল এও অনেক সুযোগ প্রদান করবে।

ভাষাগত দক্ষতা একটি শিশুর পূর্ববর্তী ভাষার অভিজ্ঞতার উপযুক্ত গতিতে, এমন নতুন ভাষা এবং নতুন পরিবেশের সংস্পর্শে যা তারা শিখছে বিকাশ লাভ করে। একই সময়ে একাধিক ভাষা শেখার শিশুরা, কিছু সময়ের জন্য, এক ভাষার তুলনায় অন্য ভাষায় বেশি কথা বলতে পারে। প্রাথমিকভাবে শিশুরা কথা বলার সময় ভাষাগুলো মিশ্রিত করতে পারে। তারা হয়তো এক ভাষায় শব্দটি জানে এবং অন্য ভাষায় জানে না। তাদের কথোপকথনের সাবলীলতা বজায় রাখার জন্য, তারা যে শব্দগুলো জানে সেগুলো ব্যবহার করে। এটি একটি স্বাভাবিক এবং নমনীয় দক্ষতা যা শিশুরা তাদের ভাষা ব্যবহার করে বহুভাষিক প্রসঙ্গে বিকাশ করে।

খেয়াল রাখবেন...

একটি নতুন ভাষায় কথোপকথনের সাবলীলতা বিকাশ করতে সময় লাগে এবং শিশুরা যখন কোনো অতিরিক্ত ভাষা শেখার প্রক্রিয়ায় থাকে তখন তাদের চারপাশের প্রাপ্তবয়স্কদের কাছ থেকে সময় এবং চাপহীন সাহায্যের প্রয়োজন আছে।

নিজের পারিবারিক ভাষা ব্যবহার করা এবং শেখা সকল শিশুর অধিকার (UNCRC, 1989)।

তথ্যসূত্র

Department of Education and Training, 2016. *Victorian Early Years Learning and Development Framework*.

UNICEF, 1989. *United Nations Convention on the Rights of the Child (UNCRC)*.